# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2023

## BENGALI

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat Coochbehar

## আধুনিক বাংলা কবিতা

## CORE-11

**সময় : ২ ঘন্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) মহাকাব্য কয়প্রকার ও কি কি ?

(খ) বাংলায় প্রথম গীতিকবির নাম লেখো।

(গ) পেত্রার্কীয় সনেটের দু'টি বৈশিষ্ট্য লেখো।

(ঘ) লিমেরিক-এর সংজ্ঞা দাও।

(ঙ) বাংলা সাহিত্যে একজন সুররিয়ালিজম কবির নাম লেখো।

(চ) 'ধরা যাক দু-একটা ইঁদুর এবার!' – কোন কবিতার অংশ এটি ?

(ছ) 'বন্দীর বন্দনা' – কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(জ) 'পদাতিক কবি' কে ?

(ঝ) টপ্পা ঠুংরি কবির জন্ম সাল উল্লেখ করো।

(ঞ) 'এখনো সে / যে-কোনো নারী' – 'সে' কে ?

(ট) শূন্যস্থানে সঠিক শব্দ লেখোঃ

নানি _______ স্পন্দে দুলে দুলে / রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া ......

(ঠ) 'সত্তা তার / আশাবরী' – আশাবরী কি ?

(ড) 'আফ্রোদিতির লঘু আনাগোনা বনের ধারে' – আফ্রোদিতি কে ?

(ঢ) 'অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে ?' – কত সালে এটি লেখা হয়েছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) সুররিয়ালিজম

(খ) প্যারডি

(গ) খণ্ডকাব্য।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) "আরো-এক বিপন্ন বিস্ময়
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে
খেলা করে;" – কবিতায় উদ্ধৃত এই 'বিপন্ন বিস্ময়'-এর স্বরূপ উদ্‌ঘাটন করো।

(খ) পত্রকাব্য কাকে বলে? পত্রকাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করে একটি পত্রকাব্যের নাম লেখো।

(গ) 'বন্দীর বন্দনা' কবিতার নামকরণ কতখানি সার্থক হয়েছে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'যেতে পারি কিন্তু কেন যাব' — কবিতার মর্মার্থ লেখো।

(খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় কবির অন্তর্লীন বেদনা বোধের পরিচয় দাও।

(গ) গীতিকবিতার শ্রেণিবিভাজন করে এর সাধারণ বৈশিষ্ট্য উল্লেখ করো ও একটি বাংলা গীতিকবিতার পরিচয় তুলে ধরো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2023

## BENGALI

### আধুনিক বাংলা উপন্যাস

### CORE-12

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) কুবের কোথায় মাছ ধরছিল ?

(খ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম ছাপা হয়েছিল ?

(গ) 'জাগরী' উপন্যাসটির ইংরেজী অনুবাদ কে করেন ?

(ঘ) দুটি কারা জাতীয় উপন্যাসের নাম লেখো।

(ঙ) 'জাগরী' উপন্যাসে জ্যাঠাইমা নীলুকে কি বলে ডাকতো ?

(চ) কাকরু, সরকারে কোন্ বিভাগে চাকরি করার সুযোগ পায় ?

(ছ) দুটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম লেখো।

(জ) হোসেন মিঞার বাড়ি কোথায় ছিল ?

(ঝ) আঞ্চলিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঞ) তেভাগা আন্দোলন কেন্দ্রিক দুটি ছোটগল্পের নাম লেখো।

(ট) 'বিলু-নীলু'র পিতার নাম কি ছিল ?

(ঠ) দুখিয়ার কুঠি গ্রামে কে প্রথম মুদ্রার প্রচলন করেছিলেন ?

(ড) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি প্রকাশিত হয় কত সালে ?

(ঢ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসের মানুষেরা কখন শহরে যেত ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) মাতালু চরিত্র

(খ) মনস্তাত্ত্বিক উপন্যাস

(গ) মালা চরিত্র।

১০×১ = ১০

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(ক) ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসহ একটি বাংলা ছোটগল্প আলোচনা করো।

(খ) 'জাগরী'-র মা চরিত্রটি বিশ্লেষণ করে সমগ্র উপন্যাসের সঙ্গে তার যোগসূত্র নির্ণয় করো।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কপিলা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

১৫×১ = ১৫

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে পদ্মা কীভাবে পাত্র-পাত্রীর জীবনকে প্রভাবিত করেছে — আলোচনা করো।

(খ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের বৈশিষ্ট্যসহ একটি বাংলা চেতনাপ্রবাহ রীতির উপন্যাস আলোচনা করো।

(গ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসে কালো পিচ রাস্তা নির্মাণের ফলে দুখিয়ার কুঠি গ্রামের আর্থ-সামাজিক পরিস্থিতি কীভাবে পরিবর্তিত হয়ে যাচ্ছে তা আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2023

## BENGALI

## DSE-1

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*

**The question paper contains DSE1A and DSE1B.**
**The candidates are required to choose any *one* from the *two* options.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### বাংলা উপন্যাস : উদ্ভব ও ক্রমবিকাশ

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) রবীন্দ্রনাথের লেখা দুটি উপন্যাসের নাম লেখো।

(খ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঐতিহাসিক উপন্যাসের নাম ও লেখকের নাম লেখো।

(গ) তারাশঙ্করের 'হাঁসুলী বাঁকের উপকথা' কি ধরনের উপন্যাস ?

(ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা ঐতিহাসিক রোমান্সের নাম লেখো।

(ঙ) উপন্যাসের একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা একখানি আত্মজীবনীমূলক উপন্যাসের নাম লেখো।

(ছ) উপন্যাসের পাঁচটি গুরুত্বপূর্ণ উপাদানের নাম লেখো।

(জ) 'গণদেবতা' উপন্যাসের ডাক্তার চরিত্রের নাম লেখো।

(ঝ) 'গণদেবতা' উপন্যাসটি কোন পত্রিকায়, কি নামে প্রকাশিত হয় ?

(ঞ) শিবকালীপুরের মানুষকে কোন নদী পার হয়ে জংশন স্টেশনে যেতে হয় ?

(ট) গ্রামের চণ্ডী মণ্ডপে কী কী অনুষ্ঠিত হত বলে 'গণদেবতা' উপন্যাসে উল্লেখ আছে ?

(ঠ) কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা'র প্রথম অধ্যায়ে কোন নাটকের কথা আছে ?

(ড) বীরকৃষ্ণ দাঁর উজ্জুগে প্রথম রাত্রে বারোয়ারি তলায় কী হয়েছিল ?

(ঢ) বাবুদের চার পুরুষের মূল সন্ন্যাসী জাতিতে কি ছিলেন ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) জগন ডাক্তার

(খ) আলালী ভাষা

(গ) বাল্যবিবাহকেন্দ্রিক উপন্যাস।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) মন্বন্তরের প্রেক্ষাপটে লেখা যে-কোনো একটি উপন্যাস অবলম্বনে তৎকালীন আর্থ-সামাজিক অবস্থা সংক্ষেপে আলোচনা করো।

(খ) " 'গণদেবতা' উপন্যাসের সব থেকে উজ্জ্বল চরিত্র দুর্গা" — মন্তব্যটি গ্রহণযোগ্য কিনা বিচার করো।

(গ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' গ্রন্থে সমকালীন সমাজ ও সংস্কৃতির যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'হুতোম প্যাঁচার নকশা' অবলম্বনে কালীপ্রসন্ন সিংহের ভেতরে যে সমাজ সংস্কারক মন, হাস্যরসিক প্রাণ ও চিন্তাশীল মনন ছিল — তার পরিচয় দাও।

(খ) 'গণদেবতা' উপন্যাসের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) বাংলা উপন্যাস সাহিত্যে স্বদেশী আন্দোলনের প্রভাব আলোচনা করো।

## DSE-1B

### বাংলা ছোটগল্প : উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) প্রথম সার্থক বাংলা ছোটগল্পের স্রষ্টা কে ?

(খ) মন্বন্তরের পটভূমিতে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি ছোটগল্পের নাম লেখো।

(গ) 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থের রচয়িতা কে ?

(ঘ) একটি উদ্ভট ছোটগল্পের নাম লেখো।

(ঙ) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে নয়নচাঁদের দুই বন্ধুর নাম লেখো।

(চ) মিত্তিরজা মৃত্যুকালে যমদূতকে দেখে পুণ্যলাভের আশায় কাকে, কি দান করেছিল ?

(ছ) 'নোনাজল' গল্পে 'এমখ' শব্দের দ্বারা কি বোঝানো হয়েছে ?

(জ) কুলুম শহর কোথায় ?

(ঝ) মহেশ কত বছর গফুরের পরিবারকে প্রতিপালন করে বৃদ্ধ হয় ?

(ঞ) 'যেমন চাষা তার তেমনি বলদ। খড় জোটে না, চাল কলা খাওয়া চাই।'' — উক্তিটি কার ?

(ট) অচিন্ত্যকুমার সেনগুপ্তের ছদ্মনাম কী ?

(ঠ) ভক্ত কার বিয়েতে কোথায় বরযাত্রী এসেছিল ?

(ড) 'পাশাপাশি' গল্পের নায়ক কি বন্ধক রেখে কলকাতা যাবার অর্থ সংগ্রহ করেছিল ?

(ঢ) 'মধু' গল্পে কলাবতীর স্বামীর নাম কী ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ছোটগল্পের বৈশিষ্ট্যসমূহ সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আমিও তেমনি দুষে গেছি' — উক্তিটির বক্তা সম্পর্কে আলোচনা করো।

(গ) 'পাশাপাশি' গল্পের বিকাশবাবুর জীবনযাত্রার ধরন আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) দেশভাগের প্রেক্ষাপটে লেখা একটি গল্পের আলোচনা করো।

(খ) 'পাশাপাশি' গল্পে বনফুলের অসামান্য শিল্পকুশলতার পরিচয় দাও।

(গ) 'মধু' গল্পে গল্পকথক ও কলাবতীর সম্পর্কের স্বরূপ উন্মোচন করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে ত্রৈলোক্যনাথের সমাজসচেতন দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।

(খ) 'মহেশ' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(গ) ছোটগল্পকে কেন 'Peculiar Product of Nineteenth Century' বলা হয় ? সে বিষয়ে বিস্তারিত আলোচনা করো।

——×——

UG/CBCS/B.A./Hons./5th Sem./Bengali/DSEBNGH2A/2B/2023

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2023

## BENGALI

## DSE-2

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat Coochbehar

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

**The question paper contains DSE2A and DSE2B.**
**The candidates are required to choose any *one* from the *two* options.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-2A

## বাংলা প্রবন্ধ-নিবন্ধ

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'প্রবন্ধ' কথাটির অর্থ কি ?
(খ) যামিনী রায়ের শিল্পে কোন লোকশিল্পের প্রভাব লক্ষ্য করা যায় ?
(গ) ভুদেব মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যুর সাল লেখো।
(ঘ) পাঠ্যসূচী ছাড়া অতুলচন্দ্র গুপ্তের অপর একটি গ্রন্থের নাম কি ?
(ঙ) বিনয় ঘোষের ছদ্মনাম কি ?
(চ) দুটি মন্ময় প্রবন্ধের উদাহরণ দাও।
(ছ) রাজা রামমোহন রায় কোন প্রথার অবলুপ্তি ঘটান ?
(জ) বাংলায় কার লেখনীতে প্রথম 'প্রবন্ধ' শব্দের ব্যবহার হয় ?
(ঝ) একটি ব্যক্তিগত প্রবন্ধের নাম লেখো।
(ঞ) ভবতোষ দত্তের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।
(ট) পাঠ্য প্রবন্ধ ছাড়া যামিনী রায়ের অপর একটি প্রবন্ধের নাম লেখো।
(ঠ) বিনয় ঘোষের দুটি প্রবন্ধের নাম লেখো।
(ড) যামিনী রায়কে কোন্ বিশ্ববিদ্যালয় ডি.লিট উপাধি দিয়েছিলেন ?
(ঢ) রাজা রামমোহন রায় রচিত একটি গ্রন্থের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) যামিনী রায়
(খ) চারুশিল্প
(গ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) যামিনী রায়ের 'পটুয়াশিল্প' প্রবন্ধের মুখ্য কথাবস্তু সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।
(খ) প্রবন্ধ কাকে বলে ? প্রবন্ধের শ্রেণিবিভাগ সম্পর্কে আলোচনা করো।
(গ) রাজা রামমোহন রায় একজন সমাজ সংস্কারকের পাশাপাশি একজন সাহিত্যিকও ছিলেন — আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ‘সংস্কৃতির সামাজিক দূরত্ব’ প্রবন্ধে প্রাবন্ধিকের বক্তব্য আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যে বারংবার রামায়ণ, মহাভারত ও পুরাণ নানাভাবে প্রকাশিত হয়েছে। উদাহরণ সহযোগে তা আলোচনা করো।

(গ) প্রবন্ধ রচনায় বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

## DSE-2B

## বিশ শতকের বাংলা কবিতা

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ‘এ কেমন অন্ধকার বঙ্গদেশ উত্থান রহিত’ – কোন কবিতার পংক্তি ?

(খ) ‘বিষ্ণু দে’ রচিত দুটি কাব্যগ্রন্থের নাম করো।

(গ) ‘বেয়নেট হোক যত ধারালো’ – কবিতা ও কবির নাম কি ?

(ঘ) আল মামুদের কবিতায় কে বৃক্ষ হয়ে জন্মাতে চেয়েছেন ?

(ঙ) ‘দারিদ্র্য’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(চ) ‘বাতাসী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ছ) নজরুল ইসলামের দুটি কাব্যের নাম লেখো।

(জ) মোহিতলাল মজুমদার-কে কি কবি বলা হয় ?

(ঝ) ‘উলঙ্গ রাজা’ কোন কবির রচিত কবিতা ?

(ঞ) কবি দিনেশ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ট) ‘যে একা ঘুরছে তাঁকে খুঁজে বার করো’ – পংক্তিটি কোন কবিতার অন্তর্গত ?

(ঠ) ‘হৃদি’ শব্দটির অর্থ কি ?

(ড) ‘আল মামুদ’ রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঢ) ‘কালাপাহাড়’ কিসের প্রতীক ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) নজরুল ইসলাম

(খ) দিনেশ দাশ

(গ) আল মামুদ।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘দারিদ্র্য’ কবিতার মূলভাব ব্যক্ত করো।

(খ) বিশ শতকের বাংলা কবিতার বৈশিষ্ট্যগুলি সবিস্তারে আলোচনা করো।

(গ) ‘কালাপাহাড়’ কবিতায় যে প্রতীকী ব্যঞ্জনা অভিব্যক্ত হয়েছে — তা আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ‘কাস্তে’ কবিতার একটি রসগ্রাহী আলোচনা করো।

(খ) ‘রবীন্দ্রনাথ’ কবিতায় আল মামুদ রবীন্দ্রনাথকে কিভাবে পর্যবেক্ষণ করেছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও।

(গ) রবীন্দ্রোত্তর কালের একজন কবির কাব্যপ্রতিভার পরিচয় দাও।

——×——

## COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Program 5th Semester Examinations, 2023

### BENGALI

**বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)**

**অথবা**

**বাংলা ছোটগল্প: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)**

### DSE-1 (GROUP-1)

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### DSE-1A

**বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)**

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ =১০

(ক) বাংলা উপন্যাসের প্রকৃত জনক কে ?

(খ) 'আলালের ঘরের দুলাল' কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয় ?

(গ) 'ফুলমণি ও করুণার বিবরণ'-এর রচয়িতা কে ?

(ঘ) বঙ্কিমচন্দ্রের কোন্ দুটি উপন্যাসে বিধবা সমস্যা মূল কারণ হিসেবে গৃহীত হয়েছে ?

(ঙ) 'চোখের বালি' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিক প্রকাশিত হয়েছিল ?

(চ) রবীন্দ্রনাথের স্বদেশ চেতনামূলক দু'টি উপন্যাসের নাম লেখো।

(ছ) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল ? তার আসল নাম কী ?

(জ) 'হুতোম প্যাঁচার নকশা'র প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগে মোট ক'টি প্রবন্ধ স্থান পেয়েছে ?

(ঝ) 'পাঁঠায় রেজিমেন্টকে রেজিমেন্ট বাজারে প্যারেড কত্তে লাগলো' - কোন্ গ্রন্থের, কোন্ অংশ উল্লেখ করো।

(ঞ) 'কামার বউ নজরবন্দী বাবুর চা করিত' নজরবন্দী বাবুটির নাম কী ? কেন সে নজরবন্দী ?

(ট) 'গণদেবতা' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কি নামে প্রকাশিত হয় ?

(ঠ) শিবকালীপুরের মানুষকে কোন্ নদী পার হয়ে জংশন স্টেশনে যেতে হয় ?

(ড) দেবু পণ্ডিতের পুরো নাম কী ?

(ঢ) 'গণদেবতা' উপন্যাসের পরবর্তী অংশটি কি নামে পরিচিত ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) সাতপেয়ে গরু

(খ) চণ্ডীমণ্ডপ

(গ) বুজরুকী।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) সেকালের দুর্গোৎসবের বর্ণনা কিভাবে হুতুমের রচনায় বর্ণিত হয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

(খ) গ্রামের কোন্ সমস্যা নিয়ে গণদেবতা উপন্যাসের সূত্রপাত হয়েছে আলোচনা করো।

(গ) রাজনৈতিক উপন্যাস কাকে বলে ? একটি বাংলা রাজনৈতিক উপন্যাসের পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের ভাষারীতি আলোচনা করো।

(খ) ''সে দুরন্ত স্বেচ্ছাচারিনী; উর্ধ্ব বা অধঃলোকের কোনো সীমাকেই অতিক্রম করিতে তার দ্বিধা নাই'' – উক্ত মন্তব্যের আলোকে দুর্গা চরিত্রটি ব্যাখ্যা করো।

(গ) উনবিংশ শতাব্দীতে নারী শিক্ষা আন্দোলন কিভাবে স্ত্রী শিক্ষার প্রসার ঘটিয়েছিল এ বিষয়ে আলোচনা করো।

অথবা

## DSE-1B

### বাংলা ছোটগল্পঃ উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) কোন্ শতাব্দীতে ছোটগল্পের উদ্ভব ঘটেছিল ?

(খ) বাংলা ছোটগল্পের প্রথম সার্থক রূপকার কে ?

(গ) 'ছোট প্রাণ ছোট ব্যথা ছোট ছোট দুঃখ কথা
নিতান্তই সহজ সরল'

— এই কবিতার লাইনটি কার, কোন কবিতায় পাই ?

(ঘ) ''গুলিখোর না হইলে এরূপ ফিকির বাহির করে কে, বাপ-ধোন ? এরূপ বুদ্ধি যোগায় কার ?'' – বক্তা কে ? কোন ফিকির সে বের করেছিল ?

(ঙ) ''তুই তো একটা বাঁদর। মুক্তোর মালা গলায় পরতে এসেছিস'' – বক্তা কে ? আর কাকে একথা বলা হয়েছে ?

(চ) ''দিনরাত সেই চিন্তাই করিতেছি। আমি চিন্তাশীল নই, চিন্তাগ্রস্ত।'' – কোন্ গল্পের অংশ ? কেন সে চিন্তাগ্রস্ত ?

(ছ) ''তাহলে আসুন। দেরী করবেন না – আমার 'লেট' হয়ে যাচ্ছে।'' – উক্তিটি কার ? তার কিসের এত তাড়া ?

(জ) "পায়ে শুধু আলতা পরে থাকবে এমন বউয়ে আমার দরকার নেই।" – বক্তা কে ? সে কেমন বউ চায় ?

(ঝ) নয়ন-চাঁদের বাড়ি কোথায় ছিল ?

(ঞ) 'মিরিকিন মুল্লুক' কথার অর্থ কী ?

(ট) "আরে রামঃ – আপনি বুঝি ভেবেছেন আমি রোজ আপিসে যাই ?" – বক্তা কে ? সে কোথায় যায় ?

(ঠ) "কাঁচা-খাওয়া দেবতা!" কে ?

(ড) এ যে যক্ষপ্রিয়াঃ – তার আয়ত চোখ পথের দিকে নিবদ্ধ – কার পদচিহ্ন খুঁজছে – ঠোঁটে তার ক্ষীণ সুস্মিত রেখা! – কোন গল্পের অংশ ? কার সম্পর্কে উক্তিটি করা হয়েছে ?

(ঢ) জীবদয়াল কে ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) সুবচনীয়া

(খ) বিকাশবাবু

(গ) তর্করত্ন।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্ধারণ করো।

(খ) ধর্মকে কেন্দ্র করে মানুষের ব্যবসা ও চরম অর্থনৈতিক সিদ্ধির যে পরিচয় 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে পাই তা সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) 'নোনাজল' গল্পে সমীরুদ্দি চরিত্রটির ট্র্যাজিক জীবন কাহিনীর পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'ধরা বিয়ে' গল্পের দিব্যমণির দুটো রূপ কিভাবে গল্পের আকর্ষণকে বৃদ্ধি করেছে — তা আলোচনা করো।

(খ) তৎকালীন সমাজের নির্মমতা 'মহেশ' গল্পে কিভাবে পরিস্ফুট হয়েছে তার বিবরণ দাও।

(গ) বেকারত্বের যন্ত্রণা অসম দুটি মানুষকে জীবনযুদ্ধে কিভাবে একই সূত্রে গ্রথিত করেছে 'পাশাপাশি' গল্প অবলম্বনে তার পরিচয় দাও।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Program 5th Semester Examinations, 2023

## BENGALI

## বাংলা ভাষার প্রয়োগ : মুদ্রণশিল্প ও প্রকাশনায়

## SEC-3

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat Coochbehar

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) I.P.A-এর সম্পূর্ণ নাম কী ?

(খ) অভ্র কীবোর্ডের দুটি ফন্টের নাম লেখো।

(গ) আধুনিক ছাপাখানার জনক কাকে বলা হয় ?

(ঘ) লিপ্যন্তর বলতে কী বোঝায় ?

(ঙ) শব্দ জড়িয়ে গেলে ঠিক করার জন্য কোন্ চিহ্ন ব্যবহার করা হয় ?

(চ) 'ইউনিকোড' শব্দটির অর্থ কী ?

(ছ) IPA ও রোমান বর্ণমালার একটি পার্থক্য লেখো।

(জ) অভ্র কীবোর্ডে 'অ্যা' শব্দটি কীভাবে লিখবে ?

(ঝ) IPA-তে লিপ্যন্তরের সময় কোথায় * (স্টার) চিহ্ন ব্যবহার করা হয় ?

(ঞ) বাংলায় প্রথম সচিত্র গ্রন্থের নাম কী ?

(ট) অভ্র কীবোর্ড কত সালে প্রবর্তিত হয় ?

(ঠ) IPA-তে রূপান্তরিত করোঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

(ড) পাণ্ডুলিপি কী ?

(ঢ) কম্পিউটারে বাংলা লেখার জন্য দুটি সফ্‌ট্‌ওয়্যারের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) রোমান বর্ণমালা

(খ) গ্যালি প্রুফ

(গ) IPA-এর মূলনীতি।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) অভ্র কীবোর্ডে বাংলা লেখার নিয়মগুলি আলোচনা করো।

(খ) প্রুফ রিডিং-এর সময় কোন কোন বিষয়গুলিতে গুরুত্ব দেওয়া উচিত — সংক্ষেপে লেখো।

(গ) IPA-তে রূপান্তরিত করোঃ

আজ সারা রাজ্য জুড়ে যে সাম্প্রদায়িকতা ও বিচ্ছিন্নতা দেখা দিয়েছে, তার ফলে জাতীয় সংহতির সমূহ সর্বনাশ সমুপস্থিত। মনুষ্যত্বের মূল্যবোধ আজ ধূল্যবলুণ্ঠিত। জীবনের সদর্থক ভূমিকার চূড়ান্ত অপহ্নব লক্ষ্য করা যাচ্ছে। জাতীয় জীবনের এই সঙ্কট মুহূর্তে যে কবির কণ্ঠে জাতীয় সংহতির শুভ সঙ্গীত শুনতে পাবো, তাকেই আমরা স্বাগত জানাবো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) আধুনিক মুদ্রণশিল্পে পেজমেকারের ভূমিকা আলোচনা করো।

(খ) IPA-ব্যবহারের সুবিধাগুলি লেখো।

(গ) আধুনিক মুদ্রণশিল্পের সুবিধা ও অসুবিধাগুলি আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Program 5th Semester Examinations, 2023

## BENGALI

### বাংলা সাহিত্যের নিবিড় পাঠ

### GE-1

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর লেখোঃ ১×১০ = ১০

(ক) 'ভোঁদড় বাহাদুর' গ্রন্থের প্রচ্ছদপট কে এঁকেছিলেন ?

(খ) "চমকে উঠে তাকিয়ে দেখি, দোতলার বারান্দায় একটি চেয়ারে বসে আছি।" — কোন রচনার অন্তর্গত ?

(গ) মল্লিকবাবুদের বাড়িতে কীসের ধুম চলছিল ?

(ঘ) 'ভোঁদড় বাহাদুর' গল্পে কে, আঁতুড়ঘর থেকে কচি ছেলে চুরি করে পালিয়েছিল ?

(ঙ) 'লক্ষ্মণের শক্তিশেল' কার লেখা, কোন শ্রেণির রচনা ?

(চ) 'লক্ষ্মণের শক্তিশেল' নাটকের দুটি দৃশ্যের নাম লেখো।

(ছ) 'লক্ষ্মণের শক্তিশেল' নাটকের শেষ দৃশ্য কাদের কোন সংলাপে শেষ হয়েছে ?

(জ) রামের শিবিরে বসে রামচন্দ্র রাতে কী স্বপ্ন দেখেছিলেন ?

(ঝ) 'ছেলেটা' কবিতায় ছেলেটির বয়স কত ?

(ঞ) জাবালি গল্পের ঋষি, মনীষী ও কুলপতিরা কোন পর্বতে গিয়েছিলেন ?

(ট) পরশুরামের দুটি কৌতুক রসের গল্পের নাম লেখো।

(ঠ) কাদের বাড়ির খোঁড়া ছেলে ঠেঙিয়ে ফল পাড়ে ?

(ড) ফুল শয্যার তত্ত্বে জয়াবতী কী বানিয়ে লোককে তাক লাগিয়ে দিতেন ?

(ঢ) 'ছিন্নমস্তা' গল্পের বিমলের বউ বরণের শাড়ি কাকে পড়তে দিয়েছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) তালবেতাল কারদানি

(খ) জয়াবতী

(গ) 'ছেলেটা'র বিষয় ভাবনা।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১০×১ = ১০

(ক) ‘লক্ষ্মণের শক্তিশেল’ নাটকের কাহিনি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) ‘জাবালি’ গল্পের শিল্প সার্থকতা বিষয়ে আলোচনা করো।

(গ) ‘বনলতা সেন’ কবিতায় প্রেম চেতনার স্বরূপ আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১৫×১ = ১৫

(ক) ‘ভোঁদড় বাহাদুর’ গল্পের হাস্যরসের পরিচয় দাও।

(খ) ‘ছেলেটা’ কবিতায় উল্লিখিত ‘নেড়ি কুকুরের ট্র্যাজেডি’ সম্পর্কে আলোচনা করো।

(গ) আশাপূর্ণা দেবীর ‘ছিন্নমস্তা’ গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

——×——